



মাদরাসা পরিদর্শন দফতর  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iauins13@gmail.com

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৯/৭০৬৫

তারিখঃ ০৮-শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ  
২৩-জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ


অফিস আদেশ

কেরানীহাট জামেউল উলুম ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘরঃ কেরানীহাট, উপজেলাঃ সাতকানিয়া, জেলাঃ চট্টগ্রাম-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২৪.০৫.২০১৭ খ্রিঃ তারিখের আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০১৮ খ্রিঃ তারিখ থেকে ৩০.০৬.২০২২খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

শর্তসমূহ :

১. প্রভাষক আরবি (২ জন), সহকারী শিক্ষক (শরীরচর্চা) এর শূন্যপদ পূরণ করতে হবে।
২. অধ্যক্ষ, উপাধ্যক্ষের জন্য সুসজ্জিত কক্ষ ও পরিপাটি শিক্ষক মিলনায়তনের ব্যবস্থা করতে হবে।
৩. মাদরাসা পরিচালনা কমিটি নিয়ে বিবাদমান সমস্যার দ্রুত সমাধানে সবাইকে উদ্যোগী হতে হবে।
৪. মাদরাসার চারপাশে পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে।
৫. শিক্ষক, শিক্ষার্থীদের আধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে।
৬. পুরাতন ভবন সংস্কার ও নতুন একাডেমিক ভবন নির্মাণ করতে হবে।
৭. যুগোপযোগী রেফারেন্স গ্রন্থ দ্বারা গ্রন্থাগার সমৃদ্ধ করতে হবে।
৮. অফিস সহকারীর অফিস ব্যবস্থাপনা বিষয়ে উন্নত প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।
৯. শিক্ষার্থীদের সৃজনশীলতা বাড়াতে বার্ষিক সাময়িকী প্রকাশ ও শিক্ষা সফরের উদ্যোগ নিতে হবে।
১০. অভ্যন্তরীণ অডিট কমিটি গঠন করে শতভাগ আর্থিক স্বচ্ছতা নিশ্চিত করতে হবে।
১১. অর্থ ও প্রশাসন সংক্রান্ত সকল কার্যক্রম ফাইল নোট অনুমোদনের মাধ্যমে সম্পন্ন করতে হবে।
১২. ইলমে তাজবীদ ও আরবি ভাষা শিক্ষার প্রতি শিক্ষার্থীদের উৎসাহিত করতে হবে।
১৩. অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৬ (ছয়) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

  
২৩. ০৭. ২০১৭

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

অধ্যক্ষ

কেরানীহাট জামেউল উলুম ইসলামিয়া ফাজিল মাদরাসা  
ডাকঘরঃ কেরানীহাট, উপজেলাঃ সাতকানিয়া, জেলাঃ চট্টগ্রাম।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। মহাপরিচালক, মাউশি, আব্দুল গণি রোড, ঢাকা-১২১১।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৪। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৫। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দফতর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, কেরানীহাট জামেউল উলুম ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘরঃ কেরানীহাট, উপজেলাঃ সাতকানিয়া, জেলাঃ চট্টগ্রাম।
- ৮। অফিস নথি।

অধি/নবায়ন/ফাইল নং-চট্ট-২৮৬